



বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bteb.gov.bd



স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯

তারিখ

০৩ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং, ডিপ্লোমা-ইন-ট্যুরিজম অ্যান্ড হসপিটালিটি এবং ডিপ্লোমা ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে অধ্যয়নরত পুনঃভর্তির প্রয়োজন এমন শিক্ষার্থীদের আবেদন ও প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণপূর্বক সংশ্লিষ্ট প্রবিধানের পুনঃভর্তির সাধারণ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করে আগামী ১৮-২৪ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানে **Login** করে বোর্ডের ওয়েবসাইটে “অনলাইন তথ্য প্রেরণ/গ্রহণ” ব্লকের “ডিপ্লোমা পর্যায়” প্রবেশ করে “**Diploma Re-admission Data Entry link**” অনলাইনে তথ্যাদি প্রেরণ করতে হবে এবং অনলাইনে প্রেরিত তথ্যের অনলাইন প্রিন্ট আউট কপি, প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্বাক্ষরিত ফরওয়ার্ডিং ও বোর্ড নির্ধারিত ফি জমাদানের ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৫-৩০ অক্টোবর, ২০২২ খ্রি.তারিখের মধ্যে বোর্ডে জমা দেওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (১)

পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানে আবেদনের তারিখ	প্রতিষ্ঠান কর্তৃক বোর্ডে অনলাইনে তথ্য প্রেরণের তারিখ	পুনঃভর্তি ফি বাবদ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ প্রয়োজনীয় কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ
১০-২০ অক্টোবর, ২০২২ খ্রি.	১৮-২৪ অক্টোবর, ২০২২ খ্রি.	২৫-৩০ অক্টোবর, ২০২২ খ্রি.

পুনঃভর্তি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক (২)

প্রতিষ্ঠান কোড ও নাম:								
প্রতিষ্ঠানের ই-মেইল ঠিকানা:				প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর:				
ক্রম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	রেজিস্ট্রেশন নং	শিফট	পর্ব	সেশন	ভর্তিকৃত প্রবিধান (২০১০/২০১৬/২০২০) (যে শিক্ষাক্রমের জন্য যেটি প্রযোজ্য)

পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ

- ১। শিক্ষার্থীর পুনঃভর্তির ক্ষেত্রে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে;
- ২। ২য় ও ৪র্থ পর্বের সকল শিক্ষার্থীদের আবশ্যিকভাবে প্রবিধান-২০১৬ অনুসরণ করতে হবে একইসাথে পরবর্তীতে ২য় পর্বের শিক্ষার্থীদের প্রবিধান-২০১৬ এর আওতায় পুনঃভর্তির কোন সুযোগ দেওয়া হবে না;
- ৩। ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬ (যার জন্য যেটি প্রযোজ্য) অনুসরণ করতে হবে;
- ৪। প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৪ ধারায় বর্ণিত অকৃতকার্য কোন শিক্ষার্থী ৬ষ্ঠ ও ৮ম পর্বে পুনঃভর্তি হতে চাইলে তাদের ক্ষেত্রে প্রবিধান ২০১০ এবং প্রবিধান ২০১৬-এর ৪.১৪.৫ ধারা মোতাবেক ৬ষ্ঠ ও ৮ম পর্বে সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে;



২৪/৯/২২



- ৫। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ৩য় ও ৫ম পর্বে ০৪ (চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীর পরবর্তিতে সংশ্লিষ্ট পর্বে ৩য় ও ৫ম পর্বে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তি প্রতিষ্ঠানের ৪র্থ ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে এবং পরবর্তি পর্বে অধ্যয়নের প্রদেয় পুনঃভর্তি আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ এবং প্রবিধান ২০১৬-এর ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে। পুনঃভর্তির আদেশ বাতিল শিক্ষার্থীদের পরবর্তীতে সংশ্লিষ্ট পর্বে পুনঃভর্তির প্রয়োজন হলে তা সম্পূর্ণ করতে হবে;
- ৬। প্রতিষ্ঠানে পুনঃভর্তির আবেদন প্রাপ্তির পর আবেদন সংশ্লিষ্ট প্রবিধানের আলোকে যাচাই-বাছাই করে পুনঃভর্তিচ্ছু শিক্ষার্থীদের পুনঃভর্তি ফি বাবদ শিক্ষার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে মোট টাকা সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-এর অনুকূলে ব্যাংক ড্রাফট করতে হবে;
- ৭। নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত পদ্ধতিতে এ Online-এ প্রেরণ এবং Online-এ প্রেরিত তথ্যের প্রিন্ট কপিসহ বোর্ড নির্ধারিত ফি (ব্যাংক ড্রাফট) জমা দিতে হবে;
- ৮। Online-এ প্রেরিত হলেও শিক্ষার্থীর পুনঃভর্তির প্রয়োজন না হলে তা বাতিল বলে গণ্য হবে

বি: দ্র: পুনঃভর্তিকৃত শিক্ষার্থীদের নির্ধারিত ছক আকারে তথ্যাদি পূরণসহ আবেদনের সাথে রেজিস্ট্রেশন কার্ড এবং সর্বশেষ পর্বের প্রবেশ পত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি, সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) সংযুক্তসহ সমুদয় টাকার ব্যাংক ড্রাফটসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আগামী ২৫-৩০ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, মোট পুনঃভর্তিকৃত শিক্ষার্থীর সমুদয় টাকার একটি মাত্র ব্যাংক ড্রাফট হবে।

- ২৫-৩০ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখের পরে পুনঃভর্তির কোন আবেদন সুপারিশ করে বোর্ডে প্রেরণ না করার জন্য সকল অধ্যক্ষ মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


 (প্রকৌশলী ফরিদ উদ্দিন আহমেদ)
 পরিচালক (কারিকুলাম)
 ফোনঃ ০২-৫৫০০৬৫২৩

অধ্যক্ষ


সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট / সরকারি মনোটেকনিক ইনস্টিটিউট/সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইনস্টিটিউট/সরকারি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি/বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট (সকল)।

স্মারক নং-৫৭.১৭.০০০০.২০১.০৫.২২.০০৯ (০৮)

তারিখ ০৩ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৮। অফিস নথি।


 (রূপক কান্তি বিশ্বাস)
 কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্লোমা)
 ফোনঃ ০২-৫৫০০৬৫৪০